একটাই লক্ষ্য
হতে হবে দক্ষ

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

www.bteb.gov.bd

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.১৭.০০০০.৪০৩.৯৯.০০১.২৬.১৮৬৬/৪৬২৬

তারিখ: ২৯ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ / ১২ এপ্রিল, ২০২৬খ্রি.

## নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন "বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি প্রবিধানমালা-২০০৯"এর প্রবিধি ৪১ (ঘ) অনুযায়ী বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীগণের শৃঙ্খলা বিধান এবং শিক্ষক-কর্মচারীগণের চাকুরীর শর্তাবলী অনুসরণে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ ও দন্ড অনুমোদন এর ক্ষমতা ও দায়িত্ব ব্যবস্থাপনা কমিটির উপর ন্যস্ত। তবে চাকুরী থেকে স্থায়ীভাবে অপসারণ বা বরখাস্তের ক্ষেত্রে বোর্ডের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে। তৎপ্রেক্ষিতে বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীগণের চাকুরী চূড়ান্তভাবে অপসারণ বা বরখাস্তের বিষয়াদি বাংলাদেশ কারিগরি বোর্ড কর্তৃক গঠিত আপিল ও সালিশ কমিটির নিকট উপস্থাপনের জন্য সংযুক্ত ফরম মোতাবেক প্রয়োজনীয় ফি প্রদানসহ আবেদন দাখিল করতে হবে।

অতএব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীর চাকুরি হতে চূড়ান্তভাবে অপসারণ বা বরখাস্তের বিষয়াদি আপিল ও সালিশ কমিটির নিকট উপস্থাপনের জন্য সংযুক্ত ফরম মোতাবেক আবেদন করার জন্য এবং ফি বাবদ নির্ধারিত ১০,০০০.০০ (দশ হাজার) টাকা সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অনুকূলে পে অর্ডার/ডিমান্ড ড্রাফট এর মাধ্যমে জমা দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ফরম-২ পাতা।

12.04.2026

(প্রকৌ. বি.এম. আমিনুল ইসলাম)
পরিদর্শক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট/প্রধান শিক্ষক
সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান

---

স্মারক নম্বর: ৫৭.১৭.০০০০.৪০৩.৯৯.০০১.২৬.১৮৬৬ (৯)/৪৬২৬

তারিখ: ২৯ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ / ১২ এপ্রিল, ২০২৬খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (কারিগরি অনুবিভাগ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৪. সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫-৬. পরিচালক (কারিকুলাম)/পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৮. পি. ও. টু চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. অফিস কপি।

12.04.26

(নুর উদ্দিন আহমেদ)
উপ-পরিদর্শক (ভোকেশনাল)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২১০।
www.bteb.gov.bd

## আপিল ও সালিশ কমিটির সভায় শিক্ষক/কর্মচারীর চাকুরি হতে বরখাস্ত/অপসারণ অনুমোদন বিষয়ক তথ্য ফরম:

১. অভিযুক্ত শিক্ষক/কর্মচারির নাম: ..........................................................................................

পদবি: ..............................., ইনডেক্স নং- ................., চাকুরিতে যোগদানের তারিখ: ......................

মোবাইল: ............................................, ই-মেইল..................................................

স্থায়ী ঠিকানা: ..........................................................................................

..........................................................................................

২. প্রতিষ্ঠানের নাম: ..........................................................................................

ঠিকানা: ..........................................................................................

প্রতিষ্ঠান কোড: ........................., ইআইআইএন নং-......................., এমপিও কোড: ......................

প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নং ......................................., ই-মেইল: ..........................................

৩. যে অভিযোগে চাকুরি থেকে বরখাস্ত/অপসারণ করা হয়েছে তা সংক্ষেপে বিবৃত করুন (পৃথক কাগজ ব্যবহার করা যাবে):

..........................................................................................

..........................................................................................

..........................................................................................

৪. চাকুরি থেকে বরখাস্ত/অপসারণের পূর্বে কারণ দর্শানো হয়েছে কিনা? ☐ হ্যা, ☐ না। তারিখ: ..........................

৫. অভিযুক্ত শিক্ষক/কর্মচারীর বিরুদ্ধে গৃহীত শাস্তিমূলক ব্যবস্থার বিবরণ:

ক) চার্জশিট গঠন ও কারণ দর্শানো নোটিশ জারির তারিখ: ..........................................................

খ) অভিযুক্ত শিক্ষকের লিখিত জবাবের তারিখ: ..........................................................

গ) তদন্ত কমিটি গঠনের তারিখ: ..........................................................

ঘ) ব্যক্তিগত শুনানী/আত্মপক্ষ সমর্থনের সুযোগ দেয়া হয়েছে কিনা? ☐ হ্যা, ☐ না। তারিখ: ............................

ঙ) তদন্ত কমিটির রিপোর্ট (তারিখ:) ..........................................................

চ) প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটিতে সাময়িক বরখাস্তের সিদ্ধান্তের তারিখ: ..........................................

ছ) সাময়িক বরখাস্তের আদেশনামার স্মারক নং......................................................তারিখ:...............

জ) পলাতক, নিরুদ্দেশ, বিদেশযাত্রা ইত্যাদি কারণের ক্ষেত্রে জাতীয় দৈনিক সংবাদপত্রে প্রদত্ত যোগদানের নির্দেশ সম্বলিত বিজ্ঞপ্তি প্রকাশ (পেপার কাটিং সংযুক্ত করতে হবে): পত্রিকার নাম.............................................তারিখ:......................

৬. ক) তদন্ত চলাকালীন সাময়িক বরখাস্ত করা হয়েছে কিনা? ☐ হ্যা, ☐ না। তারিখ......................................

খ) বিধি মোতাবেক জীবন ধারণ ভাতা প্রদান করা হয়েছে কিনা? ☐ হ্যা, ☐ না। তারিখ..................................

৭. বরখাস্ত/অপসারণের বিরুদ্ধে কোন মামলা থাকলে সর্বশেষ অবস্থা ..........................................................

..........................................................................................

৮. ক) কি ধরণের কমিটি কর্তৃক বরখাস্ত/অপসারণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে:

☐এডহক কমিটি, ☐ ব্যবস্থাপনা কমিটি, ☐সাংগঠনিক কমিটি, ☐ সংস্থা কর্তৃক পরিচালিত কমিটি।

খ) কমিটির মেয়াদ: ..........................................................................................

৯. আপিল ও সালিশি ফি এর বিবরণ: ব্যাংকের নাম ......................................... শাখা:.............................

টাকার পরিমান: ......................... ডিডি/পে-অর্ডার নং..............................., তারিখ: ......................

১০. ইতোপূর্বে একই বিষয়ে আবেদন করা হয়েছিল কিনা? ☐ হ্যা, ☐ না। তারিখ........................................

১১. ম্যানেজিং কমিটি/গভর্ণিং বডির গৃহীত চূড়ান্ত সিদ্ধান্ত ও তারিখ:

..........................................................................................

..........................................................................................

..........................................................................................,

বর্ণিত তথ্য সমূহ আমাদের জানা ও জ্ঞানমতে সত্য ও সঠিক।

| | |
|---|---|
| সভাপতির স্বাক্ষর<br>নামসহ সীল মোহর ও<br>মোবাইল নম্বর | প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর<br>নামসহ সীল মোহর ও<br>মোবাইল নম্বর |

অপর পৃষ্ঠায় বর্ণিত শর্তাবলী অবশ্যই পালনীয়

## বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারীদের চাকুরি হতে বরখাস্ত/অপসারনের আবেদনের জন্য শর্তাবলী:

১. কোনো বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান এক বা একাধিক শিক্ষক/কর্মচারীর বরখাস্ত/অপসারণ অনুমোদনের জন্য পৃথক পৃথকভাবে প্রয়োজনীয় বোর্ড ফিসহ আবেদন করতে হবে।

২. বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক বরখাস্ত/অপসারণ সংক্রান্ত অপর পৃষ্ঠায় বর্ণিত দফা-ওয়ারী সকল কার্যক্রমের যাবতীয় কাগজপত্রের সত্যায়িত ফটোকপি আবেদনের সাথে ক্রমানুসারে সংযুক্ত করতে হবে।

৩. প্রয়োজনীয় কাগজপত্র ও বোর্ড ফি আবেদনের সাথে সংযুক্ত পাওয়া না গেলে আপিল ও সালিশি কমিটির সভায় বিবেচনার জন্য উপস্থাপন করা হবে না।

৪. বরখাস্ত/অপসারণের বিরুদ্ধে আদালতে মামলা বিচারাধীন থাকলে/আদালতের নিষেধাজ্ঞা থাকলে আবেদনে সুস্পষ্টভাবে উল্লেখ পূর্বক মামলা সংক্রান্ত কাগজপত্র/আদালতের আদেশের সার্টিফাইড কপি আবেদনের সঙ্গে সংযুক্ত করতে হবে।

৫. বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ ছাড়াও কোন শিক্ষক/কর্মচারীর বিরুদ্ধে গৃহীত ব্যবস্থা বিবেচনার জন্য বোর্ডে আবেদন করা হলে উপরে বর্ণিত শর্তাবলী প্রযোজ্য হবে।

৬. আপিল ও সালিশি কমিটির সভায় উপস্থাপনের জন্য আবেদন করা হলেই অনুমোদনের নিশ্চয়তা বিধান করে না। বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের (শিক্ষক ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা-১৯৯৬ অনুসারে কোন শিক্ষক ও কর্মচারীর বিরুদ্ধে যথাযথ প্রক্রিয়া অনুসরণ পূর্বক বরখাস্ত/অপসারণ করা হলে বিষয়টি পরীক্ষা নিরীক্ষা করে সঠিকতা পাওয়া গেলে কমিটি অনুমোদন বিবেচনা করবে।

৭. আবেদনকারী আপিল ও সালিশি কমিটির সভায় নির্ধারিত দিনে উপস্থিত না হলে একতরফাভাবে আবেদনের বিষয়ে কর্তৃপক্ষ সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে।

৮. হাল-নাগাদ স্বীকৃতি নবায়ন এবং ব্যবস্থাপনা কমিটি/অনুমোদিত গভার্ণিং বডি/ম্যানেজিং কমিটির সত্যায়িত অনুলিপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

৯. সকল বিষয়ে আপিল ও সালিশি কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

আদেশক্রমে
কর্তৃপক্ষ